গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
প্রশাসন-৩ শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা-১০০০
www.ssd.gov.bd

**সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের অধিদপ্তরসমূহের সাথে অনুষ্ঠিত জুন, ২০২৪- এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী**

---

| | |
|---|---|
| সভাপতি | মোঃ মশিউর রহমান এনডিসি<br>সিনিয়র সচিব |
| সভার তারিখ | **২৫ জুন ২০২৪** |
| সভার সময় | **১১:৩০টা** |
| স্থান | সম্মেলন কক্ষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয় |
| উপস্থিতি | 'পরিশিষ্ট-ক' |

সভাপতি সভায় উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। অতঃপর তিনি আলোচ্যসূচি অনুযায়ী বিষয়সমূহ উপস্থাপন করার জন্য জনাব মুহাম্মদ শহিদ উল্লাহ, উপসচিব (প্রশাসন-৩)-কে অনুরোধ জানান। সভাপতির অনুমতিক্রমে উপসচিব (প্রশাসন-৩) আলোচ্যসূচি মোতাবেক নিম্নরূপে বিষয়সমূহ উপস্থাপন করেন :

| ক্রম | বিষয় ও আলোচনা | সিদ্ধান্তসমূহ এবং বাস্তবায়নকারী |
|---|---|---|
| ২.০ | **কার্যবিবরণী দৃঢ়ীকরণ :** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, জুন, ২০২৪-এ অনুষ্ঠিত সমন্বয়সভার কার্যবিবরণী সংশ্লিষ্ট সকল কর্মকর্তার নিকট প্রেরণ করা হয়েছে। লিখিত কিংবা মৌখিকভাবে কোন প্রকার সংশোধনীর প্রস্তাব পাওয়া যায়নি। সুতরাং কার্যবিবরণীটি দৃঢ়ীকরণ করা যেতে পারে। | ১)মে, ২০২৪-এ অনুষ্ঠিত সভার কার্যবিবরণী দৃঢ়ীকরণ করা হলো। |
| ২.১ | **কোভিড-১৯ ও ডেঙ্গুরোগ প্রতিরোধ :**<br>এ বিষয়ে বর্তমানে কোন কার্যক্রম না থাকায় আলোচ্যসূচি থেকে বাদ দেওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়। | |
| ২.২ | **সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের শূন্যপদ পূরণ :** উপসচিব (প্রশাসন-৩ শাখা) সভাকে জানান, এ বিভাগ ও অধীন দপ্তর/সংস্থায় শূন্যপদের সংখ্যা নিম্নরূপ :<br><table><tr><th>ক্রম</th><th>দপ্তর/সংস্থার নাম</th><th>অনুমোদিত পদ</th><th>কর্মরত</th><th>শূন্যপদ</th><th>মন্তব্য</th></tr><tr><td>১</td><td>সুরক্ষা সেবা বিভাগ</td><td>৩০২</td><td>২২৪</td><td>৭৮</td><td>--</td></tr></table> | ১)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের সকল প্রকার শূন্যপদের বিপরীতে নিয়োগ কার্যক্রম নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন করতে হবে;<br><br>২)বিপিএসসির মাধ্যমে পূরণযোগ্য শূন্যপদ দ্রুত পূরণের জন্য বিপিএসসি'র সাথে দাপ্তরিক ও ব্যক্তিগত যোগাযোগ অব্যাহত রাখতে হবে। |

| | | | | | |
|---|---|---|---|---|---|
| ২ | মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ৩০৫৯ | ২২০৭ | ৮৫২ | ১০ জন অতিরিক্ত কর্মরত যেখানে নার্সিং সুপারভাইজার পদে ২ জন, উচ্চমান সহকারী ১ জন, নমুনা সংগ্রহকারী ১ জন, টেবুলেটর ১ জন, নিরাপত্তা প্রহরী ৫ জন কর্মরত, কিন্তু পদগুলোতে যারা কর্মরত তাদের পদোন্নতি, পিআরএল বা কোন কারণে শূন্য হলেই বিলুপ্ত হবে। |
| ৩ | ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১৪,৫১৫ | ১৩,৭৮০ | ৭৩৫ | -- |
| ৪ | কারা অধিদপ্তর | ১২২৩৮ | ১০৭৮২ | ১৪৫৬ | -- |
| ৫ | বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ১৫৩০ | ১১৯২ | ৩০৯ | পদোন্নতিজনিত কারণে সুপারিনটেনডেন্ট-৬টি, অবসরজনিত কারণে দপ্তরী-২২টি, ফরাস-১টি মোট ২৯টি পদ বিলুপ্ত। |
| | মোট= | **৩১৬৪৪** | **২৮১৫৮** | **৩৪৩০** | |

**কর্মকর্তা/কর্মচারীর সংখ্যা :**

**সুরক্ষা সেবা বিভাগ :** অনুমোদনকৃত পদ ৩০২ জন,কর্মরত ২২৪ জন, শূন্যপদ ৭৮ জন।

**মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** অনুমোদনকৃত পদ ৩০৫৯ জন, কর্মরত ২২০৭ জন, শূন্যপদ ৮৫২ জন।

**বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** অনুমোদনকৃত পদ ১৫৩০ জন, কর্মরত ১১৯২ জন, শূন্যপদ ৩০৯ জন।

**ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** অনুমোদনকৃত পদ ১৪,৫১৫ জন,কর্মরত ১৩,৭৮০ জন, শূন্যপদ ৭৩৫ জন।

**কারা অধিদপ্তর :** অনুমোদনকৃত পদ ১২,২৩৮ জন, কর্মরত ১০,৭৮২ জন, শূন্যপদ ১৪৫৬ জন।
**শূন্যপদের বিন্যাস :**

| মন্ত্রণালয়/মন্ত্রণালয়ের অধীন অধিদপ্তর (মোট পদ সংখ্যা) | ১ম-৯ম গ্রেড | ১০ম গ্রেড | ১১-১৬ গ্রেড | ১৭-২০ গ্রেড | মোট |
|---|---|---|---|---|---|
| সুরক্ষা সেবা বিভাগ | ৩৩ | ১৩ | ১০ | ২২ | ৭৮ |
| বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর | ৭০ | ১৪০ | ৬২ | ৩৭ | ৩০৯ |
| মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর | ১৭৭ | ৮৫ | ৪৯৮ | ৯২ | ৮৫২ |
| ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর | ১০ | ৪ | ৬১১ | ১১০ | ৭৩৫ |
| কারা অধিদপ্তর | ৫৯ | ৭৪ | ৩৫৩ | ৯৭০ | ১৪৫৬ |
| মোট = | **৩৪৯** | **৩১৬** | **১৫৩৪** | **১২৩১** | **৩৪৩০** |

**ক) সুরক্ষা সেবা বিভাগ :** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) ও উপসচিব (প্রশাসন-১ শাখা) সভাকে জানান, জাতীয় পরিচয় নিবন্ধন আইন-২০২৩ এর মর্মানুযায়ী সুরক্ষা সেবা বিভাগে এনআইডি অনুবিভাগ সৃজনের নিমিত্ত ২৫টি (অতিরিক্ত সচিব-১টি, উপসচিব-২টি, সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব-৪টি,

৩)বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়োগবিধি প্রণয়নের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে।

৪)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের সিপাইদের জন্য উপযুক্ত প্রশিক্ষণ প্রদানের ব্যবস্থা গ্রহণ করাতে হবে। পরবর্তী সমন্বয়সভায় অগ্রগতি জানাতে হবে।

৫)নিয়োগ কার্যক্রম সম্পাদনের অগ্রগতি সংশ্লিষ্ট অধিদপ্তর প্রধান কর্তৃক প্রত্যেক মাসিক সমন্বয় সভায় প্রতিবেদন আকারে উপস্থাপন করতে হবে।

৬)এ বিভাগের শাখা/ অনুবিভাগ কর্মকর্তাগণ যথা নিয়ম/পরিপত্র অনুসরণ করে অধিদপ্তরসমূহের শূন্য পদ পূরণের জন্য আগামী ৭(সাত) দিনের মধ্যে ছাড়পত্র প্রদান সম্পাদন করতে হবে।

৭)বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৩১ জন সহকারী পরিচালক পদে নিয়োগের কার্যক্রম ১০ জুলাই ২০২৪ তারিখের মধ্যে শেষ করতে হবে।

**বাস্তবায়নকারী: অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধান**

ব্যক্তিগত কর্মকর্তা-৩টি, প্রশাসনিক কর্মকর্তা-৪টি, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-৪টি এবং অফিস সহায়ক-৭টি) পদ সৃজনের যাবতীয় কার্যক্রম সম্পন্ন হয়েছে।

এনআইডি অনুবিভাগের জন্য উপসচিব পদে ১ (এক)টি এবং সিনিয়র সহকারী সচিব পদে ১ (এক)টি মোট ২ (দুই)টি পদে ক্যাডার কর্মকর্তাকে পদায়নের জন্য জনপ্রশাসন মন্ত্রণালয়ে ২৬ মে ২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।

সাঁট মুদ্রাক্ষরিক কাম কম্পিউটার অপারেটর-২টি, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক-২টি এবং অফিস সহায়ক-১৮টিসহ মোট ২২টি পদে নিয়োগের কার্যক্রম গ্রহণ করা হয়েছে।

**খ) মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর :** জনাব খোন্দকার মোস্তাফিজুর রহমান, এনডিসি, মহাপরিচালক, সভাকে তার দপ্তর কর্তৃক শূন্যপদ পূরণে গৃহীত কার্যক্রম সম্পর্কে অবহিত করেন:

**১ম-৯ম গ্রেড :** ৪১তম বিসিএস নন-ক্যাডার হতে সহকারী পরিচালকের ৬টি পদে নিয়োগের লক্ষ্যে সুপারিশ করা হয়েছে। ক্লিনিক্যাল সাইকোলজিস্টের ৮টি শূন্যপদে নিয়োগের নিমিত্ত মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর হতে ৪ এপ্রিল, ২০২৪ তারিখে সুরক্ষা সেবা বিভাগে অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে।
এছাড়া, মেডিকেল অফিসার এর ১৬টি পদ, সহকারী রেজিস্টার এর ১টি পদ, ইমারজেন্সি মেডিকেল অফিসার এর ৩টি পদে বিপিএসসি'র মাধ্যমে জনবল নিয়োগের লক্ষ্যে ছাড়পত্র প্রদানের লক্ষ্যে ৪ এপ্রিল, ২০২৪ তারিখে সুরক্ষা সেবা বিভাগে অনুরোধপত্র প্রেরণ করা হয়েছে।

**১০ম গ্রেড :** প্রশাসনিক কর্মকর্তা পদে মামলা চলমান থাকায় শূন্যপদ ১টি পূরণ করা সম্ভব হচ্ছে না। এছাড়া, প্রসিকিউটর-২১টি, অডিও ভিজুয়াল অফিসার-১টি এবং মেট্রন জুনিয়র-১টি শূন্য পদে পদোন্নতিযোগ্য কোন ফিডার পদধারী কর্মচারী কর্মরত নেই।

**১১-১৭তম গ্রেড :** উপ-পরিদর্শক ৪৬টি, কম্পিউটার অপারেটর ১৫টি, হিসাবরক্ষক ২২টি, সহকারী প্রসিকিউটর ৫৩টি,অফিস সহকারি কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক ২৭টি, ডেসপাস রাইডার ১০টি এবং গাড়িচালক ১১টি পদের নিয়োগের জন্য ৬ মার্চ ২০২৪ তারিখে ছাড়পত্র পাওয়া গিয়েছে। সিপাই এর ৩১৩টি পদে নিয়োগের লক্ষ্যে ৩০ মে, ২০২৪ তারিখে যোগদানের জন্য নির্দেশনা প্রদান করা হয়, তৎপ্রেক্ষিতে ২৯০ জন চাকুরিতে যোগদান করেছেন।

**গ) বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর :** সভায় বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক মেজর জেনারেল মোঃ নূরুল আনোয়ার, বিএসপি, এসজিপি, এনডিসি, এইচডিএমসি, এএফডব্লিউসি, পিএসসি, জি, শূন্যপদ পূরণে তার দপ্তর কর্তৃক গৃহীত কার্যক্রম সম্পর্কে সভাকে নিম্নরূপে অবহিতক করেন:

**২য়-৯ম গ্রেড :** ৭০টি শূন্যপদের বিপরীতে ৪২টি পদের জন্য পিএসসিতে তালিকা প্রেরণ করা হয়েছে। এছাড়া, ১টি পরিচালক পদে পদোন্নতির জন্য ও সিস্টেম এনালিস্টে ১টি শূন্যপদে সরাসরি নিয়োগের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে। সহকারী পরিচালকের ৩২টি শূন্যপদে নিয়োগের প্রস্তাব এ বিভাগে প্রেরণ করা হয়েছে।

তাছাড়া প্রোগ্রামার-১টি, অ্যাসিস্টেন্ট মেইনটেন্যান্স ইঞ্জিনিয়ার-৫টি, অ্যাসিস্টেন্ট প্রোগ্রামার-২টিসহ মোট ৮টি শূন্যপদে নিয়োগের লক্ষ্যে পিএসসিতে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।

**ঘ) ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর :** সভায় ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মহাপরিচালক ব্রিগেডিয়ার জেনারেল মোঃ মাইন উদ্দিন, বিএসপি(বার), এনডিসি, পিএসসি, জি, এম ফিল, মহাপরিচালক, সভাকে জানান, শূন্যপদ পূরণে তার দপ্তর কর্তৃক নিম্নরূপ পদক্ষেপ গ্রহণ করা হয়েছে :

**১০ম গ্রেড ও তদুর্দ্ধ :** পিএসসি'তে ১৯৫টি (স্টাফ অফিসার-১৭, স্টেশন অফিসার-১৭৬ ও জুনিয়র প্রশিক্ষক-২) পদের নিয়োগ কার্যক্রম প্রক্রিয়াধীন রয়েছে। পিএসসি কর্তৃক চূড়ান্ত নির্বাচিত স্টেশন অফিসার- ৪৬ জন ও স্টাফ অফিসার ৭ জনের মেডিকেল টেস্টের জন্য স্বাস্থ্য অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে। প্রাক চাকুরি বৃত্তান্ত যাচাই করার জন্য তাদের স্থায়ী ঠিকানায় সংশ্লিষ্ট জেলা বিশেষ শাখা, পুলিশ সুপার বরাবর ১২ মে ২০২৪ তারিখে পত্র প্রেরণ করা হয়েছে।

**ঙ) কারা অধিদপ্তর :** সভায় কারা মহাপরিদর্শক, ব্রিগেডিয়ার জেনারেল এ এস এম আনিসুল হক, সভাকে শূন্যপদের বিপরীতে গৃহীত কার্যক্রম নিম্নরূপে অবহিত করেন :

**২য়-৯ম গ্রেড :** ফিডার পদধারী না থাকায় ১টি কারা উপ-মহাপরিদর্শক পদ, আদালতে মামলা বিচারাধীন থাকায় ১৩টি সিনিয়র জেল সুপার পদে পদোন্নতি এবং ১৬টি জেলার ও ৭টি উপতত্ত্বাবধায়ক পদে সরাসরি নিয়োগ প্রদান করা সম্ভব হচ্ছে না।

| | | |
|---|---|---|
| | **১০ম গ্রেড :** ৬টি পদ সংরক্ষণ রেখে ৫৫টি ডিপ্লোমা নার্স নিয়োগের জন্য পিএসসি বরাবর ২১ নভেম্বর ২০২২ তারিখে প্রস্তাব প্রেরণ করা হয়েছে।<br><br>**১১-১৬ গ্রেড :** ৭টি ডেপুটি জেলার ও ৫টি মহিলা ডেপুটি জেলার মোট ১২টি পদ ৪১তম বিসিএস হতে নিয়োগের জন্য সুপারিশ করা হয়েছে। এছাড়া বিভিন্ন ক্যাটাগরির ১১৭টি শূন্যপদের ছাড়পত্র ও পাওয়া গিয়েছে।<br><br>**১৭-২০ গ্রেড :** কারারক্ষী ৩৫৫টি এবং মহিলা কারারক্ষী ১৪টি শূন্যপদের নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হয়। ৩০৪টি শূন্যপদের ছাড়পত্র পাওয়ার পর ১৯/০৪/২৪ তারিখে লিখিত পরীক্ষায় ১২,৫৩৩ জন অংশগ্রহণ করে এবং ২৪৪৮ জন উত্তীর্ণ হয়। যাদের মৌখিক পরীক্ষা ১৫/০৫/২৪ তারিখ থেকে শুরু হয়েছে। | |
| ২.৩ | **জেলাপ্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়ন :** উপসচিব (প্রশাসন-৩) সভাকে জানান, মন্ত্রিপরিষদ বিভাগ হতে প্রাপ্ত জেলাপ্রশাসক সম্মেলন-২০২৪ এর সুরক্ষা সেবা বিভাগ সম্পর্কিত ২টি স্বল্পমেয়াদি, ৭টি মধ্যমেয়াদি এবং ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্ত বাস্তবায়নপূর্বক অগ্রগতি প্রেরণের জন্য পত্র প্রেরণ করা হয়েছে। জেলাপ্রশাসক সম্মেলন ২০১৯-২০২৩-এর সিদ্ধান্তসমূহের মধ্যে ৬টি সিদ্ধান্ত বাস্তবায়নাধীন পর্যায়ে রয়েছে। সভায় জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ নির্ধারিত সময়ের মধ্যে বাস্তবায়নের উপর গুরুত্বারোপ করা হয়।<br><br>এ সময় যুগ্মসচিব(প্রশাসন অধিশাখা) সভাকে জানান প্রতি ৩ (তিন) মাস অন্তর মন্ত্রিপরিষদ বিভাগে জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্ত বাস্তবায়নের অগ্রগতি পর্যালোচনা সংক্রান্ত সভা অনুষ্ঠিত হয়। সভায় এ বিভাগ হতে জেলা প্রশাসক ফোকাল পয়েন্টসহ ১(এক)জন যুগ্মসচিবকে যোগদান করতে হয়। মন্ত্রিপরিষদ বিভাগ জেলা প্রশাসক সম্মেলনে গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নে আরো আন্তরিকতা ও দক্ষতার সাথে বাস্তবায়নের জন্য অনুরোধ করা হয়। | ১)জেলা প্রশাসক সম্মেলন, ২০১৯-২০২৪-এ গৃহীত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের অগ্রগতি প্রতি মাসের সমন্বয় সভায় সুনির্দিষ্ট তথ্য সহকারে অগ্রগতি উপস্থাপন করতে হবে।<br><br>২)মানিকছড়ি, মহালছড়ি ও গুইমারা উপজেলায় ফায়ার সার্ভিস এন্ড সিভিল ডিফেন্স স্টেশন নির্মাণের বিষয়ে দ্রুত প্রকল্প গ্রহণের উদ্যোগ নিতে হবে।<br><br>৩)পাসপোর্ট পরিষেবা নিশ্চিত করার জন্য জেলা কমিটির রূপরেখা আগামী ১ মাসের মধ্যে প্রস্তুতকরণের নিমিত্ত এ বিভাগের অতিরিক্ত সচিব (নিরাপত্তা ও বহিরাগমন)-কে আহ্বায়ক করে ৩ সদস্য বিশিষ্ট সাব-কমিটি গঠন করতে হবে।<br><br>৪)ময়মনসিংহ জেলার হালুয়াঘাট উপজেলার 'গোবরাকুড়া-কড়ইতলী' স্থলবন্দরের ইমিগ্রেশন চেকপোস্ট স্থাপনের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে সময় নির্ধারণপূর্বক পত্র দিতে হবে। ৭ (সাত) দিনের মধ্যে মতামত পাওয়া না গেলে, তাদের মতামত নেই মর্মে গণ্য করা হবে।<br><br>৫)কুমিল্লা ফায়ার সার্ভিস অফিসের জন্য বরাদ্দকৃত |

| | | |
|---|---|---|
| | | উঁচু মই (TTL)-এর বিষয়ে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরকে আগামী সভার পূর্বেই একটি প্রতিবেদন এ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>৬)মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেপেন্টাডাইল এবং এলএসডি মাদকগুলো 'খ' শ্রেণি হতে 'ক' শ্রেণিভুক্ত করার বিষয়ে সংশ্লিষ্টদের নিয়ে চলতি মাসের মধ্যে একটি সভা অনুষ্ঠান করতে হবে।<br><br>৭)ঢাকাস্থ বিভিন্ন সরকারি হাসপাতালে আলাদা প্রিজন এ্যানেক্স নির্মাণের বিষয়ে এ বিভাগের সিনিয়র সচিব মহোদয়ের সভাপতিত্বে সংশ্লিষ্টদের নিয়ে জুলাই, ২০২৪-এ একটি সভা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |
| ২.৪ | **<u>ই-জিপি :</u>**<br>বিবেচ্য মাসে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরে ই-জিপিতে কোন পণ্যের টেন্ডার আহ্বান করা হয়নি।<br><br>ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২০২৩-২০২৪ অর্থবছরে পোষাক সামগ্রী খাতে প্রাপ্ত বরাদ্ধ দ্বারা ই-জিপি পদ্ধতিতে সংগ্রহের জন্য দরপত্র মূল্যায়ন শেষ দরদাতা প্রতিষ্ঠানের অনুকূলে NOA জারি করা হয়েছে।<br><br>কারা অধিদপ্তরে ৪৯টি প্যাকেজের দরপত্র ই-জিপি'র মাধ্যমে আহ্বান করা হয়েছে। | ১) ই-জিপিতে যে সকল পন্য/সেবা/কার্য সংগ্রহ/ক্রয় করা হয় তার প্যাকেজওয়াইজ বিবরণী প্রতিমাসে প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)** |

| | | |
|---|---|---|
| ২.৫ | **<u>বার্ষিক কর্মসম্পাদন চুক্তি</u>** : সভাকে জানানো হয়, ২৩ মে ২০২৪ তারিখে অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ) এর সভাপতিত্বে এপিএ'র সূচক বাস্তবায়ন ও ২০২৪-২০২৫ অর্থবছরের সূচক নির্ধারণ বিষয়ে একটি সভা অনুষ্ঠিত হয়।<br><br>২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগের আওতাধীন অধিদপ্তরসমূহের বার্ষিক কর্মসম্পাদন চুক্তির মধ্যে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মোট সূচক ১৭টি, অর্জিত ১০টি (৫৮.৮২%); মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের মোট সূচক ২৭টি, অর্জিত ২৬টি (৯৬.৩০%); কারা অধিদপ্তরের মোট সূচক ২২টি, অর্জিত ৮টি (৩৬.৩৬%) ও ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের মোট সূচক ৩০টি, অর্জিত ১৮টি (৬০%)। | ১)সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিম লিডার কর্তৃক অধিদপ্তরের ফোকাল পয়েন্ট এবং এ বিভাগের এপিএ টিমের সদস্যদের নিয়ে নিয়মিত সভা করবেন।<br><br>২)বার্ষিক কর্মসম্পাদন চুক্তির সূচকসমূহ অর্জনের স্বপক্ষে যথাযথ প্রমাণক সংরক্ষণের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধানগণ কর্তৃক অধস্তন অফিসে দিকনির্দেশনা প্রদান করতে হবে।<br><br>৩)এপিএ সূচক বাস্তবায়নের অগ্রগতি ফোকাল পয়েন্ট কর্তৃক প্রতিমাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>৪)ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের Instant Respons System (IRS)- এর বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : এপিএ টিম লিডার/ অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

<table>
<tr>
<td>২.৬</td>
<td><u>শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়ন</u> : সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের সাথে ২৯/০৪/২০২৪ তারিখে শুদ্ধাচারের একটি ফিডব্যাক সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>•২০২৩-২০২৪ অর্থবছরে এ বিভাগের শুদ্ধাচার কর্মপরিকল্পনা বাস্তবায়নে বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তর মোট সূচক ১৬টি, অর্জিত ৭টি (৪৩.৭৫%); মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর মোট সূচক ১৭টি, অর্জিত ৬টি (৩৫.২৯%); ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর মোট সূচক ১৬টি, অর্জিত ৮টি (৫০%) ও কারা অধিদপ্তর মোট সূচক ১৬টি, অর্জিত ৮টি (৫০%)।</td>
<td>১)জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নে সকল সূচকসমূহের লক্ষ্যমাত্রা নির্ধারিত সময়ের মধ্যে অর্জন করতে হবে।<br><br>২)ফোকাল পয়েন্ট কর্মকর্তা কর্তৃক সূচক বাস্তবায়নের অগ্রগতি প্রতিমাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে প্রশাসন-৩ শাখায় প্রেরণ অব্যাহত রাখতে হবে।<br><br>বাস্তবায়নকারী : ফোকাল পয়েন্ট কর্মকর্তা।</td>
</tr>
<tr>
<td>২.৭</td>
<td><u>অডিট আপত্তি :</u> উপসচিব (বাজেট-২) সভাকে জানান, সুরক্ষা সেবা বিভাগ: ১) সরাসরি নগদ ক্রয়ে বার্ষিক নির্ধারিত সিলিং সীমার অতিরিক্ত অনিয়ম ব্যয় ৪৩,২৬,৪১৩/- এবং ২) প্রযোজ্য কোটেশন প্রদানের অনুরোধ জ্ঞাপন পদ্ধতির প্রয়োগ না করে সরাসরি ক্রয় করায় অনিয়মিত ব্যয় ১৩,০২,২৯৮/- আপত্তি ২টি নিষ্পত্তি হয়েছে।<br><br>অডিট আপত্তি নিষ্পত্তির নিমিত্ত ৫ ডিসেম্বর ২০২৩ তারিখে একটি ত্রিপক্ষীয় সভা অনুষ্ঠিত হয়েছে। অডিট আপত্তি নিষ্পত্তির কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি অডিট অনলাইনে AMS সফ্টওয়ারে প্রবেশ করে এ বিভাগ সম্পর্কিত অডিট আপত্তিসমূহের সংখ্যার বিষয়ে উপসচিব (বাজেট-২) এর দৃষ্টি আকর্ষণ করেন। উপসচিব বাজেট-২ জানান, এ বিষয়ে প্রশিক্ষণ গ্রহণ করা হয়েছে এবং পাসওয়ার্ড দেয়া হয়েছে।<br><br>
<table>
<tr><th>বিভাগ/সংস্থার নাম</th><th>মোট অডিট আপত্তির সংখ্যা</th><th>জবাব প্রদানের সংখ্যা</th><th>মোট নিষ্পত্তিকৃত আপত্তির সংখ্যা</th><th>অবশিষ্ট আপত্তির সংখ্যা</th></tr>
<tr><td>ডিআইপি</td><td>১০৫টি (NSFI: ৩৯ ও SFI ৬৬)</td><td>৪৭</td><td>৪২</td><td>৬৩ NSFI-১৬ SFI-৪৭</td></tr>
<tr><td>প্রিজন</td><td>৫১৬</td><td>৫০২</td><td>৩১৫</td><td>২০১</td></tr>
<tr><td>এফএসসিডি</td><td>৭৪</td><td>২৫</td><td>২৯</td><td>৪৫</td></tr>
<tr><td>ডিএনসি</td><td>১০</td><td>৯</td><td>০</td><td>১০</td></tr>
</table></td>
<td>১) যেসকল আপত্তির ব্রডশিট জবাব এখনো প্রদান করা হয়নি সেসকল আপত্তির ব্রডশিট জবাব জরুরিভিত্তিতে প্রদান করতে হবে;<br><br>২) দীর্ঘদিনের পুরাতন ও Serious Financial Irregularities (SFI) আপত্তিসমূহ দ্রুত নিষ্পত্তির জন্য দ্বিপক্ষীয় ও ত্রিপক্ষীয় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>৩) এ বিভাগ/ আওতাধীন অধিদপ্তরসমূহ CAG এর AMS software এ প্রবেশ করে অডিট আপত্তিসমূহ নিষ্পত্তি করতে হবে।<br><br>বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।</td>
</tr>
</table>

| | | |
|---|---|---|
| ২.৮ | **পেনশন :** সভাকে জানানো হয়, আদালতে মামলা বিচারাধীন থাকার কারণে ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরে ২টি ও কারা অধিদপ্তরে ১টি পেনশন কেস অনিষ্পন্ন রয়েছে। | ১)এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থায় পেন্ডিং পেনশন কেসসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.৯ | **জেলা পরিদর্শন :** সভাকে জানানো হয়, সুরক্ষা সেবা বিভাগের জনাব জাহিদুল ইসলাম, যুগ্মসচিব ১৮-১৯ মে ২০২৪ তারিখে সাতক্ষীরা জেলার জেলা অফিসসমূহ : ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, জেলা কারাগার, আঞ্চলিক পাসপোর্ট অফিস এবং মাদ্রকদ্রব্য নিয়ন্ত্রণ জেলা কার্যালয় পরিদর্শন করেন।<br><br>জনাব তাহনিয়া রহমান চৌধুরী, উপসচিব ১১ মে ২০২৪ তারিখে কক্সবাজার জেলার জেলা অফিসসমূহ: ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স স্টেশন, আঞ্চলিক পাসপোর্ট অফিস, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ জেলা কার্যালয় এবং জেলা কারাগার পরিদর্শন করেন। তিনি জানান, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অফিস ভবনটি ঝুঁকিপূর্ণ বিধায় বিশ্ব ব্যাংকের অর্থায়নে প্রকল্প গ্রহণ করা হয়েছে। কিন্তু অবৈধ দখলদারদের কারণে প্রকল্প কার্যক্রম শেষ করা হয়নি। আঞ্চলিক পাসপোর্ট অফিসের বিভাগীয় পর্যায়ে ডি-নথি বিষয়ক প্রশিক্ষণ আয়োজন এবং জেলা কার্যালয় হতে ‘বার্ষিক প্রতিবেদন’ সংক্রান্ত কার্যক্রম ভবিষ্যতে বাদ দেয়া যেতে পারে। মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের জন্য জেলা পর্যায়ে নিজস্ব অফিস ভবন নির্মাণের উদ্যোগ গ্রহণ করা যেতে পারে।<br><br>সভাকে আরও জানানো হয়, মে-২০২৪ এ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের মহাপরিচালক আঞ্চলিক পাসপোর্ট অফিস, টাঙ্গাইল পরিদর্শন করেছেন এবং কারা অধিদপ্তরের কারা মহাপরিদর্শক, কক্সবাজার জেলা কারাগার পরিদর্শন করেন। | ১)প্রত্যেক মাসে এ বিভাগের কর্মকর্তাগণ ও আওতাধীন দপ্তরসমূহের মহাপরিচালকগণকে নিয়মিত উন্নয়ন প্রকল্পসহ মাঠ পর্যায়ের দপ্তরসমূহের কার্যক্রম পরিদর্শন অব্যাহত রাখতে হবে;<br><br>২)পরিদর্শন প্রতিবেদনে উল্লিখিত সুপারিশ মাসিক সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে এবং তা বাস্তবায়নের যথাযথ ব্যবস্থা নিতে হবে।<br><br>৩)পরিদর্শন শেষে ৭ (সাত) দিনের মধ্যে পরিদর্শন প্রতিবেদন সচিব বরাবর দাখিল করতে হবে এবং অনুলিপি প্রশাসন-৩ শাখায় প্রেরণ করতে হবে।<br><br>**বাস্তবায়নে : অনুবিভাগ প্রধান (সকল)/ অধিদপ্তর প্রধান (সকল)।** |

| | | |
|---|---|---|
| ২.১০ | **অনিষ্পন্ন বিষয়াদি :** সভাকে জানানো হয়, এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির কার্যক্রম চলমান আছে। | ১)এ বিভাগের সংশ্লিষ্ট অনুবিভাগ প্রধানগণের সাথে আলোচনাক্রমে আওতাধীন দপ্তর/ সংস্থার অনিষ্পন্ন বিষয়সমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১১ | **প্রশিক্ষণ :** সভাকে জানানো হয়, জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রশিক্ষণ ক্যালেন্ডারের নির্ধারিত বিষয়ে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মচারীগণের Need Based প্রশিক্ষণ কার্যক্রম অব্যাহত আছে। | ১)জনপ্রশাসন মন্ত্রণালয় প্রদত্ত প্রশিক্ষণ ক্যালেন্ডার ও কর্মচারীদের Need Based প্রশিক্ষণ প্রদান অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১২ | **ওয়েবসাইট হালনাগাদকরণ :** সভাকে জানানো হয়, মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনানুযায়ী প্রত্যেক মাসে সভা অনুষ্ঠান করা হয়। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ ও তার অধিন দপ্তর/সংস্থার অফিসসমূহের ওয়েবসাইট যাচাই করা হচ্ছে। ওয়েবসাইট হালনাগাদকরণ বিষয়ে ২৩/০৫/২০২৪ তারিখে একটি সভা অনুষ্ঠিত হয়েছে।<br><br>মে-২০২৪ এ বহিরাগমন ও পাসপোর্ট অধিদপ্তরের ৭টি, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের ২১০টি, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তরের ৫৭টি, কারা অধিদপ্তরের ৬৪টি তথ্য অধিদপ্তরসমূহের ওয়েবসাইটে আপলোড ও হালনাগাদ করা হয়েছে। | ১)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের ওয়েবসাইটে তথ্য আপলোড ও হালনাগাদ অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান/সিস্টেম এনালিস্ট (আইসিটি সেল)।** |

২.১৩

**ডি-নথি** : সভায় ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তির কার্যক্রম বিষয়ে বিস্তারিত আলোচনা করা হয়। সভাকে জানানো হয়, এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ এবং বিভিন্ন দপ্তর/সংস্থা হতে প্রাপ্ত অধিকাংশ পত্রসমূহ ডি-নথিতে উপস্থাপন ও নিষ্পত্তিকরণ অব্যাহত আছে।

| বিভাগ/ অধিদপ্তর | হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট নোটের সংখ্যা | নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে হার্ড ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার | নিষ্পত্তিকৃত মোট নোটের মধ্যে ই-ফাইলে নিষ্পত্তিকৃত মোট নোটের শতকরা হার | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| এসএসডি | ৪১৫ | ৯৭৩ | ১৩৮৮ | ২৯.৯০% | ৭০.১০% | |
| এফএসসিডি | ১৩ | ১৯৩ | ২০৫ | ৬.৪৩% | ৯৩.৫৭% | |
| ডিআইপি | ৩৩ | ২৯৮ | ৩৩১ | ৯.৯৭% | ৯০.০৩% | |
| ডিএনসি | ২৯ | ৫১৮ | ৫৪৭ | ৫.৩০% | ৯৪.৭০% | |
| প্রিজন | ১৩ | ৩৪৪ | ৩৫৭ | ৩.৬৪% | ৯৬.৩৬% | |

১)ডি-নথির মাধ্যমে নোট নিষ্পত্তিকরণ অব্যাহত রাখতে হবে;

২)ডি-নথিতে নিষ্পত্তির হার কোনভাবেই যেন এপিএ-এর লক্ষ্যমাত্রার নীচে না আসে সে বিষয়ে যথাযথ পদক্ষেপ গ্রহণ অব্যাহত রাখতে হবে।

৩)এ বিভাগের সকল ফাইলের কার্যক্রম ডি-নথিতে উপস্থাপন করতে হবে।

**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।**

২.১৪

**ইনোভেশন** : সভায় জানানো হয়, সুরক্ষা সেবা বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের অংশগ্রহণে ২০২৩-২০২৪ অর্থবছরে ইনোভেশন শোকেসিং সচিব মহোদয়ের সভাপতিত্বে কারা কনভেনশন সেন্টারে ২১/০৫/২০২৪ তারিখে অনুষ্ঠিত হয়েছে। শোকেসিং অনুষ্ঠানে মাননীয় স্বরাষ্ট্রমন্ত্রী প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের উদ্ভাবনী ধারণা নিম্নরূপ :

| বিভাগ/অধিদপ্তর | উদ্ভাবনী ধারণা | বাস্তবায়ন অগ্রগতি |
|---|---|---|
| প্রিজন | Digital Store Management System | সফটওয়্যার বাস্তবায়নের কার্যক্রম ১০০% সম্পন্ন হয়েছে (সফটওয়্যারটির ড্যাশবোর্ড, এডমিন প্যানেল, আইসিটি ও কারাগার লগইন, আইটেম ইউনিট, ক্যাটাগরি, স্টক ইন ও পারচেজ এর কার্যক্রম সম্পন্ন)। |
| এফএসসিডি | Fire and Rescue Apps | •অ্যাপসটি বর্তমানে ফায়ার সার্ভিসের গুগল প্লে স্টোরের অ্যাকাউন্টে বিদ্যমান রয়েছে।<br>• i-os ভার্সনের কার্যক্রম চলমান আছে।<br>•১০টি ভবন/স্থাপনা তথ্য Apps এ সংযুক্ত করা হয়েছে। |
| ডিএনসি | শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ | "শুল্ক খালাসের অনাপত্তি প্রদান প্রক্রিয়া সহজিকরণ" সেবাটি ৪ ফেব্রুয়ারি, ২০২৪ তারিখে সহজিকরণের অফিস আদেশ জারি করা হয়েছে। |
| ডিআইপি | Visa Application Tracking Management Software | Visa application tracking management software এর বাস্তবায়ন কার্যক্রম ১০০% সম্পন্ন করা হয়েছে। বর্তমানে সফটওয়্যারটির টেস্টিং কার্যক্রম চলমান। |

১)ইনোভেশনে বর্ণিত সূচকের মান অর্জনে নির্ধারিত সময় অন্তর অন্তর বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা আয়োজন অব্যাহত রাখতে হবে।

২)এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহ কর্তৃক প্রদত্ত সেবাসমূহ অনলাইন/অটোমেশন করার কার্যক্রম অব্যাহত রাখতেহবে।

**বাস্তবায়নকারী : চীফ ইনোভেশন অফিসার ও এ বিভাগের ইনোভেশন টিমের সদস্যবৃন্দ।**

| | | |
|---|---|---|
| ২.১৫ | **<u>ভিডিও কনফারেন্স</u>** : সভায় জানানো হয়, বিবেচ্য মাসে এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে মোট ১৭টি ভিডিও কনফারেন্স অনুষ্ঠিত হয়েছে। | ১)এ বিভাগের অধীন অধিদপ্তর/ জেলা/বিভাগীয় পর্যায়ের কর্মকর্তা/স্টেক-হোল্ডার ও সেবা গ্রহীতাগণের সাথে ভিডিও কনফারেন্সিং-এর মাধ্যমে মতবিনিময় সভার আয়োজন অব্যাহত রাখতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল।** |
| ২.১৬ | **<u>বিভাগীয় ও দেওয়ানী মামলা</u>** : সভাকে জানানো হয়, এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে মে, ২০২৪ পর্যন্ত বিভাগীয় মামলার সংখ্যা ৫৪৯টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ২৮টি, মোট মামলার সংখ্যা ৫৭৭টি। এর মধ্যে ২৮টি মামলা নিষ্পত্তি করা হয়েছে। ৫৪৯টি মামলা অনিষ্পন্ন/চলমান রয়েছে।<br><br>এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহে বিভাগীয় আপিল মামলার সংখ্যা ১৩টি, চলতি মাসে দায়েরকৃত মামলার সংখ্যা ১টি, মোট আপিল মামলার সংখ্যা ১৪টি, নিষ্পত্তিকৃত আপিল মামলার সংখ্যা শূন্য, অবশিষ্ট আপিল মামলার সংখ্যা ১৪টি। এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে এটি/এএটি মামলার সংখ্যা: এটি-১২৪টি ও এএটি-৫৪টি।<br><br>এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহে লিভ-টু-আপিল মামলার সংখ্যা-৬১টি, রিট-৩২৪টি, সিভিল রিভিশন-১১টি, দেওয়ানি-শূন্য, ফৌজদারি- শূন্য। | ১)বিভিন্ন আদালতে বিচারাধীন মামলাসমূহ অধিদপ্তরে নিযুক্ত প্যানেল আইনজীবীগণ কর্তৃক মামলার মেরিট অনুযায়ী যেন আদালতে সঠিকভাবে তথ্য উপস্থাপন করা হয় সে বিষয়ে মনিটরিং অব্যাহত রাখতে হবে এবং অগ্রগতি মাসিক সমন্বয়সভায় উপস্থাপন করতে হবে।<br><br>২) এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরসমূহের মামলা কার্যতালিকায় (Cause list) অন্তর্ভুক্ত করার বিষয়ে এ বিভাগের দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা ও অধিদপ্তরের প্যানেল আইনজীবীকে সর্বদা তৎপর থাকতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

| | | |
|---|---|---|
| ২.১৭ | **<u>নির্বাচনী ইশতেহার</u> :** যুগ্মসচিব (প্রশাসন অধিশাখা) সভাকে জানান, বর্তমান সরকারের 'স্মার্ট বাংলাদেশ উন্নয়ন দৃশ্যমান, বাড়বে এবার কর্মসংস্থান নির্বাচনী ইশতেহার-২০২৪' এর এ বিভাগ ও অধীন অধিদপ্তর সংশ্লিষ্ট ইশতেহারে উল্লিখিত অঙ্গীকার সমূহের বিষয়ে কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন বিষয়ে এ বিভাগ হতে নির্দেশনা প্রদান করা হয়েছে। চলতি মাসের শেষের দিকে এতদ্বিষয়ে একটি কর্মশালা আয়োজনের ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। | ১)সরকারের নির্বাচনী ইশতেহারে এ বিভাগ ও অধীন অধিদপ্তরসমূহের সংশ্লিষ্ট বিষয়/নির্দেশনাসমূহের বাস্তবায়ন অগ্রগতি প্রতি সভায় উপস্থাপন অব্যাহত রাখতে হবে।<br><br>২)নির্বাচনী ইশতেহারে এ বিভাগ ও অধিদপ্তরসমূহের বিষয়গুলো সুনির্দিষ্ট করণের নিমিত্ত ১(এক) জন এক্সপার্ট নিয়োগের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |
| ২.১৮ | **<u>বিবিধ</u> :** যুগ্মসচিব সভাকে জানান, সুরক্ষা সেবা বিভাগ ও অধীন অধিদপ্তর/দপ্তর/সংস্থা কর্তৃক প্রদত্ত বিভিন্ন সেবার বিপরীতে ফি নির্ধারণ/পুনঃনির্ধারণ বিষয়ে ২৪/০৬/২০২৪ তারিখে ৩য় সভা অনুষ্ঠিত হয়েছে। সংশ্লিষ্টদের সাথে ফি চূড়ান্তকরণ বিষয়ে মত বিনিময়সহ সংশ্লিষ্ট তথ্য উপাত্তের ভিত্তিতে কার্যক্রম অব্যাহত আছে।<br><br>২)এ বিভাগে অনুষ্ঠেয় মাসিক সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতকরণে শাখা/অধিশাখা/অধিদপ্তর হতে প্রতিমাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করা হয় এবং কোন দপ্তর/সংস্থা হতে কত তারিখের মধ্যে তথ্য পাওয়া গিয়েছে তা সভার কার্যপত্রে উল্লেখ করা হচ্ছে। | ১)ফি নির্ধারণ/ পুনঃনির্ধারণের প্রস্তাব দ্রুত অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।<br><br>২)মাসিক ও অন্যান্য সভাসমূহের জন্য কার্যপত্র প্রস্তুতের নিমিত্ত শাখা/ অধিশাখা/ অধিদপ্তর হতে প্রতিমাসের ৫ (পাঁচ) তারিখের মধ্যে তথ্য প্রেরণ করতে হবে।<br><br>৩)প্রতি মাসের ৩য় রবিবার সমন্বয়সভা, মাননীয় প্রধানমন্ত্রীর নির্দেশনা ও প্রতিশ্রুতি বাস্তবায়ন অগ্রগতির সভা গৃহীত ও মন্ত্রিসভা বৈঠকে সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা সভা অনুষ্ঠান করতে হবে।<br><br>**বাস্তবায়নকারী : অধিদপ্তর প্রধান (সকল)/সংশ্লিষ্ট উইং/শাখা প্রধান।** |

সভাপতি এ বিভাগ ও আওতাধীন অধিদপ্তরের কর্মকর্তাগণকে তাঁদের মেধা, মনন, প্রজ্ঞা, দক্ষতা ও অভিজ্ঞতা কাজে লাগিয়ে অর্পিত দায়িত্ব নিষ্ঠার

সাথে পালনের মাধ্যমে সিদ্ধান্তসমূহ দ্রুত বাস্তবায়নের জন্য অনুরোধ জানান। তিনি সভায় উপস্থিত সকলের উদ্দেশ্যে বলেন, সেবা প্রদানকালে জনগণ যেন কোন হয়রানি কিংবা ভোগান্তির শিকার না হন সে বিষয়টি সর্বাগ্রে খেয়াল রাখতে হবে। সভাপতি ২০৪১ সালের মধ্যে স্মার্ট বাংলাদেশ বিনির্মাণে নিজেদেরকে পূর্ণাঙ্গরূপে প্রস্তুত করতঃ গণমুখী প্রশাসন নিশ্চিত করতে হবে। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে তিনি সভার সমাপ্তি ঘোষণা করেন।


০৪-০৭-২০২৪
মোঃ মশিউর রহমান এনডিসি
সিনিয়র সচিব
+৮৮০-২-৯৫১১০৮৮ (ফোন)
+৮৮০-২-৯৫৭৪৪৯৯ (ফ্যাক্স)
secretary@ssd.gov.bd


তারিখ: ২০ আষাঢ় ১৪৩১ বঙ্গাব্দ
০৪ জুলাই ২০২৪ খ্রিস্টাব্দ

**নম্বর:** ৫৮.০০.০০০০.০১৪.১১.০০১.২২.৩২৯

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ এবং
২। অধিদপ্তর প্রধান (সকল), সুরক্ষা সেবা বিভাগ।


০৪-০৭-২০২৪
মুহাম্মদ শহিদ উল্লাহ
উপসচিব


**সকল সংযুক্তিসমূহ:**

(১) পরিশিষ্ট- ক